



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.২০.১৮২

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৭

০২ জুলাই ২০২০

বিষয়: চলমান বোরো সংগ্রহ, ২০২০ মৌসুমে চুক্তির আওতাধীন অসরবরাহকৃত চাল কিস্তির মাধ্যমে সংগ্রহ নিশ্চিতকরণ।

সূত্র: খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের ১৪/০৫/২০২০খি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.২০.৯২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২০ মৌসুমে ১০.০০ লাখ মে:টন সিদ্ধ চালের ও ১.৫০ লাখ মে:টন আতপ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে ৯,৭৬,৯২৭ মে:টন সিদ্ধ ও ১,৩১,৭৯০ মে:টন আতপ চালের চুক্তি সম্পাদিত হয়েছে।

সূত্রস্থ স্মারকে নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিকৃত চাল সংগ্রহ সম্পন্ন করার জন্য একটি সময়াবদ্ধ পরিকল্পনা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়। প্রেরিত পরিকল্পনায় জুন মাসের মধ্যে ৬০%, জুলাই মাসের মধ্যে ৯০% এবং ১৫/০৮/২০২০ খি: তারিখের মধ্যে ১০০% সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। ২৯/০৬/২০২০ খি: তারিখের সংগ্রহ প্রতিবেদন অনুযায়ী সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের গতি মোটেও সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনকল্পে সময়াবদ্ধ পরিকল্পনা অনুযায়ী ২টি কিস্তির মাধ্যমে (১ম কিস্তি ১৫ জুলাই পর্যন্ত এবং ২য় কিস্তি ৩১শে জুলাই পর্যন্ত) চুক্তির অসরবরাহকৃত চাল খাদ্যগুদামে প্রাপ্তি নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো। যে সকল জেলায় আবহাওয়া দীর্ঘদিন বিরূপ ছিল কিংবা বন্যা হয়েছে সেসব জেলায় ১৫ আগস্ট পর্যন্ত আরও ১টি কিস্তি বাড়িয়ে চালের সংগ্রহ সুসম্পন্ন করতে নির্দেশ প্রদান করা হলো।

২-৭-২০২০

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.২০.১৮২/১(৪)


তারিখ: ১৮ আষাঢ় ১৪২৭

০২ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সচিব, খাদ্য মন্ত্রণালয়

- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



২-৭-২০২০
সারোয়ার মাহমুদ
মহাপরিচালক